750 Rs.

INDIA NON JUDICIAL

७५० रु. Rs750

भारत

सात सौ पचास रुपया SEVEN HUNDRED & FIFTY RUPEES

[redacted]

দান পত্র দলিল

দানকৃত সম্পত্তির মূল্য ২০,০০০.০০ কুড়ি হাজার টাকা মাত্র ।

| দান পত্র গ্রহিত্রী ঃ- | দান পত্র দাতা ঃ- |
|---|---|
| কুমারী সুমনা ঘোষ, পিতা শ্রী জয়দেব ঘোষ, জাতি হিন্দু, পেশা অধ্যয়ণ, সাকিন কামডহরী, থানা রিজেন্ট পার্ক, জেলা দক্ষিণ ২৪ পরগণা । | শ্রী জয়দেব ঘোষ, পিতা মৃত অনুকূল চন্দ্র ঘোষ, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাকিন কামডহরী থানা রিজেন্ট পার্ক, জেলা দক্ষিণ ২৪ পরগণা । |

কস্য শুভ দান পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, পরগণা মাগুরা, সাবরেজিষ্ট্রী আলিপুর সাবেক থানা সদর টালিগঞ্জ, হাল রিজেন্ট পার্ক, বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের

6733(9)

Jaydeb Ghosh
Kamdahari Regent Park
2nd
11.9.85

Rs 7.50x2 = Presented for Registration at
75x5 11-15 A.M./P.M. on the 23rd
.50x2 = day of Sept. 19 86
at the office of the District Sub-Registrar
(9) 18.76 by Jaydeb Ghosh
executant / claimant or one of the executants / claimants or
attorney for executant / claimant under power of attorney ...

Jaydeb Ghosh
Late Anukul Ch. Ghosh
Son / Wife / Daughter of
Kamdahari
of Regent Park
Thana
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession Service

District Sub-Registrar
South 24-Parganas
23.9.86

Narayan Chandra Dey.
Late Nakul Chandra Dey
Son / Wife / Daughter of
35 ~~Kamdahari~~ Gopalnagar Rd.
of
Thana ~~Regent Park~~ Alipur
District 24 Parganas Cal 27
by Caste / Hindu / Muslim
by profession Business

Identified with

District Sub-Registrar
South 24-Parganas
23.9.86

District Sub-Registrar
South 24-Parganas
23.9.86

Narayan Chandra Dey
S/o Late Nakul Chandra Dey
35 Gopal Nagar Rd
Cal-27

750 Rs.

INDIA NON JUDICIAL

৭৫০ রু.

Rs 750

भारत

सात सौ पचास रुपया SEVEN HUNDRED & FIFTY RUPEES



কর্পোরেশনের এলাকাধিন অত্র জিলা কালেক্টারীর ১৪ নম্বর তৌজি ভুক্ত রেঃ সাঃ নম্বর ২০
জেঃ এলঃ নম্বর ৪৯ মৌজা কামডহরী গ্রামের হাল মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে
দক্ষিণ ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিন হাল রিভিসনাল সেটেলমেন্ট জরিপের
১৭৩ নম্বর খতিয়ান হইতে খণ্ড ৭৭২ নম্বর খতিয়ানে লিখিত রায়ত দখলি স্বত্ববিশিষ্ট স্বত্বের
৪৮৩ নম্বর দাগের জমি মধ্যে ৴৪ ,৪' চারি কাঠা চারি বর্গ ফুট ডাঙ্গা কৃষি জমি সহ
অন্যান্য জমি জমা আমার পিতা মহ এক্ষণে স্বর্গীয় রসময় ঘোষ মহাশয়ের স্বত্ব দখলিয়
সম্পত্তি থাকাবস্থায় তদীয় দুই পুত্র অত্র কোবালা দাতা আমার পিতাঠাকুর এক্ষণে স্বর্গীয়
অনুকূল চন্দ্র ঘোষ ও আমার জ্যেষ্ঠতাত এক্ষণে স্বর্গীয় পঞ্চানন ঘোষ মহাশয়কে কেবল মাত্র
ওয়ারিশ ও উত্তরাধিকারী রাখিয়া ও কোন উইলাদি না করিয়া পরলোক গমন করিলে পর
পিতৃত্যক্ত সমগ্র সম্পত্তি দুই সহোদর পিতার ওয়ারিশ ও উত্তরাধিকারী সুত্রে নির্ব্যূঢ় স্বত্বে

6733(9)

Jaydeb Ghosh
Kaundachari, Regent Park,
24 Pargana

17.9.86

23.9.86

75 Rs.

पचहत्तर रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

७५रु.

75 RS

SEVENTY FIVE RUPEES

॥ ৩ ॥

স্বত্ব প্রাপ্ত হইয়া তুল্যাংশে ভোগদখলিকার থাকাবস্থায় উক্ত দুই সহোদর আরও কতক সম্পত্তি খরিদ করিয়া অন্যের বিনা স্বত্ব সংস্রবে তুল্যাংশে এজমালে খাসে নির্ব্যূঢ় স্বত্বের মালিক দখলিকার থাকাবস্থায় উক্ত দুই সহোদর পৃথকান্ন হওয়ায় নিজ নিজ ভোগদখলের সুবিধার্থে উক্ত দুই সহোদর একমত হইয়া বাটীর নিকট স্থ সম্পত্তি আপোষে বিভাগ বন্টন করিয়া লওয়ায় পূর্ব্বোক্ত ৭৫২ নম্বর খতিয়ান ভুক্ত ৪৮৩ নম্বর দাগের জমি মধ্যে নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি সহ অন্যান্য জমি জমা আমার পিতাঠাকুর মহাশয়ের বংশে সুনির্দ্দিষ্ট হওয়ায় তিনি কালেক্টারীতে ধার্য্য খাজনাদি আদায়ে অন্যের বিনা স্বত্ব সংস্রবে খাসে ষোল আনা রকমের নির্ব্যূঢ় স্বত্বের মালিক দখলিকার থাকাবস্থায় অত্র কোবালা দাতা আমার ও আমার অপর সহোদর শ্রী বাসুদেব ঘোষ মহাশয়ের নাম বরাবর বিগত ইংরাজী ১৫।১২।১৯৬৯ তারিখে মোকাম আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ৯৩ নং ভল্যুমের ১৪২ হইতে ১৫১ নং পাতায় লিপিকৃত ইংরাজী ১৯৬৯ সালের ৫ ০ ৪ ৭ নম্বর একক্তো পারিবারিক ব্যবস্থা পত্র দলিল যথারীতি সম্পাদন ও রেজিষ্ট্রী করিলে পর উক্ত দলিলের ॥ গ ॥ তপশীল ভুক্ত সম্পত্তি আমার অংশে

75 Rs.




॥ ৪ ॥

অংশে সুনির্দ্দিষ্ট হওয়ায় আমি উক্ত ॥ গ ॥ তপশীল ভুক্ত সম্পত্তি নির্ব্যূঢ় স্বত্ব প্রাপ্ত হইয়া উহাতে নিজ নাম খারিজ পূর্ব্বক বর্ত্তমান মালেক সেরেস্তায় যথারীতি খাজনা আদায়ে অন্যের বিনা স্বত্ব সংস্রবে একক ষোল আনা রকমের মালিক দখলিকার আছি ও হইতেছি। উহাতে আমার হস্তান্তর যোগ্য অবাধ ক্ষমতা আছে।

[illegible]

তুমি অত্র দান পত্র গ্রহিত্রী আমার কন্যা হইতেছ। তোমার মঙ্গল কামনাই আমার একমাত্র কাম্য, আমার একান্ত ইচ্ছা নিম্নের তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি তোমাকে দান করি। উক্ত বাসনা কার্য্যের পরিণত করার মানসে এই দান পত্র দলিল সম্বন্ধে তোমার নিকট প্রস্তাব করিলে তুমি আমার এই যৎ সামান্য স্নেহের দান গ্রহণ করিতে স্বীকৃত হওয়ায় আমি অদ্যকার তারিখে অত্র দান পত্র দলিল তোমার নাম বরাবর

75 Rs.

पचहत्तर रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

৭৫ রু. 75 Rs.

SEVENTY FIVE RUPEES




বরাবর যথারীতি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া তাহা হইতে আমি মায় আমার স্থলাভিষিক্তগণ ক্রমে এক কালীন চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। তুমি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববতী ও মালিক দখলকারিণী হইয়া কালেক্টরীতে এবং কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে নিজ নাম খারিজ পূর্ব্বক দান, বিক্রয়, বন্ধকাদি ও সর্ব্ব প্রকার হস্তান্তরের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে যদৃচ্ছা পরম সুখে ভোগদখলিকার করিতে থাক, তাহাতে আমি মায় ওয়ারিশান গণ ক্রমে কেহ কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিবে না ও পারিব না, করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বদা বাতিল অগ্রাহ্য হইবে। সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ স্বত্ব যুক্ত ও খাস দখল অবস্থায় তোমাকে নির্ব্যূঢ় স্বত্ব দান করিয়া দানকৃত সম্পত্তি তোমার অনুকূলে খাস দখল পরিত্যাগ করিলাম। এবং তুমিও দানকৃত সম্পত্তির খাস দখল গ্রহণ

SITE PLAN OF R.S. DAG NO. 483 (PART)
M...ZA-RAMDAHASI J.L. NO. 4?
... REGENT PARK KHATIAN NO. 772
UNDER CALCUTTA MUNICIPAL CORPORATION
SCALE. 40'=1"

AREA:-
PLOT.1 - 5K.0CH. 35FT. SHOWN THUS.
PLOT.2 - 4K.0CH. 45FT. SHOWN THUS.
PLOT.3 - 5K.11CH. 40SFT. SHOWN THUS.

VENDEE:-

VENDOR:-



75 Rs.

पचत्तर रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

৭৫ রু. | 75 Rs.

SEVENTY FIVE RUPEES



গ্রহণ করিয়া আমার মনোবাসনা পূর্ণ করিলে ।

দানকৃত সম্পত্তির মূল্য ২০,০০০.০০ কুড়ি হাজার টাকা মাত্র।

দানকৃত সম্পত্তি সম্পূর্ণ নির্দায়, নির্দোষ স্বত্ত্ব যুক্ত অবস্থায় আছে, এবং উহা আমি কোন প্রকার হস্তান্তর ও দায়াবদ্ধ করি নাই ।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র দান পত্র দলিলের যাবতীয় সার মর্ম ফলাফল সম্যক অবগত হইয়া ও ভালরূপ বুঝিয়া অত্র শুভ দান পত্র দলিল তোমার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম । ইতি সন ১৩৯৩ সালের ৬ই আশ্বিন, ইংরাজী সন ১৯৮৬ সালের ২৩শে সেপ্টেম্বর ।

75 Rs.






তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় ঃ-
ও তাহার চৌহদ্দি -

জেলা দক্ষিণ ২৪ পরগণা, পরগণা মাগুরা, সাবরেজিষ্ট্রী আলিপুর, সাবেক থানা সদর টালিগঞ্জ, হাল রিজেন্ট পার্ক, বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধিন অত্র জিলা কালেক্টারীর ১৪ নম্বর তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২০০, জেঃ এলঃ নম্বর ৪৯ মৌজা কামডহরী গ্রামের হাল মালেক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিণ ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিন হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপের ১৭৩ নম্বর খতিয়ান হইতে খণ্ড ৭৭২-নম্বর খতিয়ানে লিখিত রায়ত দখলি সত্ত্ব বিশিষ্ট স্বত্বের ৪৮৩ চারিশত তিরাশী নম্বর দাগের জমি মধ্যে /৪,৪' চারি কাঠা চারি বর্গ ভুক্ত ডাঙ্গা কৃষি জমি যাহা অত্র সাথ প্রদর্শিত নকসায় লাল রংয়ের রেখার দ্বারা সীমাঙ্কিত

50 P.
INDIA
पचास पैसे पचास पैसे
सत्यमेव जयते
भारत
FIFTY PAISE



সীমাঙ্কিত ও ॥ ২ ॥ নম্বর প্লট রূপে সুচিহ্নিত হইল। উক্ত জমি যায় ঐ নকসায় প্রদর্শিত ১২' বার ফুট প্রশস্ত কমন প্যাসেজের সর্ব্বপ্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্ব সহ সর্ব্ববিধ ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ [illegible] হক হকুক অত্র দান পত্র দলিলের বিষয়ীভূত সম্পত্তি হইতেছে। ইহার বার্ষিক হারাহারি খাজনা ৪০ পয়সা, উক্ত মালেক সেরেস্তায় সন সন আদায় দিতে হয়। উক্ত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া পরিগণিত হইবে।

<u>তপশীল চৌহদ্দি ঃ-</u>

50 P.

INDIA

पचास पैसे पचास पैसे

सत्यमेव जयते

भारत

FIFTY PAISE



তপশীল চৌহদ্দি ঃ-

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ- | ৪৮৩ নম্বর দাগের জমি। |
| দক্ষিণে | ঃ- | সুমিত্রা ঘোষের জমি। |
| পূর্ব্বে | ঃ- | ১২ বার ফুট প্রশস্ত কমন প্যাসেজ। |
| পশ্চিমে | ঃ- | ৪৮২ নম্বর দাগের জমি। |

মুসাবিদাকারক ঃ-

Narayan Chandra Dey,
Deed writer
Licence No. 44/44

ইসাদী ঃ-

১) শ্রী নারায়ণ চন্দ্র দে —
৩৩ নং, গোপাল নগর রোড
কলিকাতা — ২৭

২) [illegible]
৩৩ নং গোপাল নগর রোড
কলিকাতা - ২৭

টাইপকারক ঃ-

[illegible],
আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা - ৭০০০২৭।

6733(9)

Jaydeb Ghosh

Khandahari, Regent Park

24 Pargana

17/9/86

Sub-Registrar

South 24-Parganas

23.9.86